# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 01 May, 2025

'শ্রমিক-মালিক এক হয়ে, গড়বো এ দেশ নতুন করে"এবারের এই  প্রতিপাদ্য নিয়ে বাগেরহাটে নানা কর্মসুচির মধ্যে দিয়ে মহান মে দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার (০১ মে) সকালে বাগেরহাট জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসক আহমেদ কামরুল হাসান বেলুন উড়িয়ে মে দিবসের উদ্বোধন করেন।পরে আদালত চত্তরে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়।র‍্যালিতে জেলা প্রশাসনের উর্ধতন কর্মকর্তা ছাড়াও বিভিন্ন শ্রমিক সংগঠন অংশ নেয়।

এদিকে বাগেরহাট শহরের মল্লিকবাড়ি মোড় থেকে জেলা শ্রমিক দলের সাবেক সভাপতি সরদার লিয়াকত আলীর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে স্বাধীনতা উদ্যান গিয়ে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সাবেক সভাপতি এম এ সালাম।

জেলা শ্রমিক দলের সাবেক সভাপতি সরদার লিয়াকত আলীর সভাপতিত্বে বক্তব্য দেন জেলা বিএনপির নেতা কামরুল ইসলাম গোরা, খান মনিরুল হক,সৈয়দ নাসির আহম্মেদ মালেক,শেখ শাহেদ আলী রবি, আসাফুদ্দৌলা জুয়েল, শেখ শাহেদ আলী রবি, জেলা যুবদল নেতা মোল্লা সুজাউদ্দিন সুজন, জেলা মহিলা দলের সভাপতি শাহিদা আকতার, শ্রমিকদল নেতা বেদার হোসেনসহ বিএনপির বিভিন্ন পযায়ের নেতৃবৃন্দ ও শ্রমিক সংগঠনের নেতারা।

বক্তারা জানান, সকলকে ঐক্যবদ্ধ হয়ে  আগামী সাংসদ নির্বাচনে বিএনপির প্রার্থীকে বিজয়ী করতে হবে এবং দল ক্ষমতায় গেলে শ্রমিকদের ন্যায্যতা দাবী বাস্তবায়ন করতে হবে।

১৮৮৬ সালের ১ মে যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে শ্রমের মর্যাদা, শ্রমের মূল্য এবং দৈনিক আট ঘন্টা কাজের দাবিতে আন্দোলনে শ্রমিকেরা যে আত্মাহুতি দিয়েছিলেন তাদের সে আত্মত্যাগের সম্মানে বাংলাদেশসহ সারা বিশ্বে দিবসটি শ্রমজীবী মানুষের অধিকার আদায়ের দিন হিসেবে যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

মে দিবস

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:11

URL: https://www.timestodaybd.com/public/khulna/7758071719